



‘বাংলা ডিজাইন ফন্ট ও ফন্টের জন্য হাতের লেখা প্রতিযোগিতা’ ২০২১

বাংলা ডিজাইন ফন্ট তৈরির জন্য গ্রাফিক্যাল বা হাতে লেখা বর্ণমালা আহবান

তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষাকে সমৃদ্ধ করার লক্ষ্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আইসিটি ডিভিশন বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। প্রাতিষ্ঠানিক প্রয়োজনে ব্যবহৃত ফন্টের তুলনায় বাংলা ডিজাইন ফন্টের অপ্রতুলতা রয়েছে, এছাড়াও সত্যজিৎ রায়, কাইয়ুম চৌধুরীর, সংবিধানে ব্যবহৃত অক্ষর-শিল্পেন মতো শিল্পীর টাইপোগ্রাফি বা বাংলা পুথির লেখাকে থেকে বাংলা ফন্টে রূপান্তর করার সুযোগ রয়েছে, এছাড়াও কমিকসের ফন্ট, ক্যারিকেচারের ফন্ট, ডিজিট-বান্ধব কিংবা অন্য বিশেষায়িত ফন্ট তৈরির সুযোগ রয়েছে। এজন্য বাংলা বর্ণের সৌন্দর্যমণ্ডিত অবয়বকে ডিজিটাইজড করার লক্ষ্যে এবং প্রচলিত ফন্টের বাইরে আরও ডিজাইন ফন্ট তৈরির লক্ষ্যে টাইপোগ্রাফার, শিল্পী, গ্রাফিকস ডিজাইনার, ক্যালিগ্রাফার, ফন্টোগ্রাফারসহ সর্বসাধারণের নিকট সুন্দর হাতের লেখা বা বাংলা বর্ণমালার ডিজাইন আহবান করা হচ্ছে। যা একটি উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে পুরস্কৃত করা হবে এবং নির্বাচিত বর্ণমালার ডিজাইনগুলোকে ফন্টে রূপান্তর করা হবে।

নিয়মাবলি ও প্রয়োজনীয় তথ্য:

১। প্রতিযোগিতার জন্য আহবানকৃত ‘বর্ণমালা’, ‘হাতের লেখা’ বা গ্রাফিক্স নির্দিষ্ট টেমপ্লেট/ফরম্যাট/ছাঁচ অনুসরণ করে জমা দিতে হবে। বর্ণমালা বা হাতের লেখা নির্ধারিত ফরম্যাটে (পরবর্তী পৃষ্ঠাগুলোতে দেওয়া হয়েছে ফরম্যাট) এঁকে বা ইলাস্ট্রেটেড করে জমা দিতে হবে। প্রয়োজন হলে প্রতিযোগী ছবছ ফরম্যাট তৈরি করে নিতে পারবেন। প্রতিযোগীকে নির্ধারিত কয়েকটি বিষয় লিখতে হবে/ আঁকতে হবে/ গ্রাফিক্স করতে হবে:

ক. একক/আইসোলেটেড বাংলা বর্ণমালা অ-ঔ, ক- ঁ, া- ৌ পর্যন্ত

খ. বাংলা টানা/ কনটিনিউয়াস বর্ণের নমুন শব্দ: "ঐ মিঞা অঘটন দেখ; উষাবেলা ঔপন্যাসিক ও তার দুঃখি ঋণী ভাই ঢাকা শহরের উচুতে যত ডাগর ফড়িং, ঈগল এবং ব্যাঙ আছে তাদের মাটি দিয়ে ঠেসে ধরে ঝাকাতো থাকল।"

গ. বাংলা টানা/ কনটিনিউয়াস বর্ণের নমুনা শব্দ: "আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।
চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস, আমার প্রাণে বাজায় বাঁশি।"

২। সকল ক্ষেত্রে বর্ণমালা নির্দিষ্ট ঘর ও সরবারহকৃত টেমপ্লেট অনুসরণ করতে হবে। লেখার পর সফটকপি/ স্ক্যান কপি/জমা দিতে হবে অথবা গ্রাফিক্সের মাধ্যমে তৈরি করে পিএনজি/ জেপেগ ইমেজ তৈরি করে জমা দেওয়া যাবে। তবে ইতোমধ্যে তৈরিকৃত ফন্ট জমা দিয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে চাইলে তা অবশ্যই অপ্রকাশিত হতে হবে এবং টিটিএফ বা ওটিএফ ফাইল আকারে জমা দিতে হবে।

৩। সকল রিসোর্স একটি গুগল ফর্মের মাধ্যমে (<https://forms.gle/WXKjj2Uv49YmaYoJ6>) জমা দিতে হবে এবং সেখানে জমাকৃত ডিজাইন/ বর্ণমালা/ ফন্ট/ হাতের লেখাটি কেন বিশেষ তার বিবরণ দিতে হবে (সর্বোচ্চ এক পৃষ্ঠায়)।

৪। প্রথম পুরস্কার (০১টি) ১ লক্ষ টাকা, দ্বিতীয় পুরস্কার (০১টি) ৫০ হাজার টাকা, তৃতীয় পুরস্কার (০২টি) ২৫ হাজার টাকা এবং অনারবল মেনশন (০৫টি) ১০ হাজার টাকা পুরস্কার হিসেবে রয়েছে। এছাড়াও প্রথম থেকে

তৃতীয় স্থানের জন্য ফ্রেস্ট ও সকলের জন্য সার্টিফিকেট রয়েছে রয়েছে। পুরস্কারের জন্য প্রস্তাব জমাদান, মূল্যায়ন ভার্সুয়ালি অনলাইনে অনুষ্ঠিত হবে এবং পুরস্কার একটি আকর্ষণীয় অনুষ্ঠানের মাধ্যমে প্রদান করা হবে।

৫। প্রযুক্তিবিদ অধ্যাপক মুহম্মদ জাফর ইকবালের সভাপতিত্বে একটি বিশেষজ্ঞ বিচারক প্যানেল সংক্ষিপ্ত তালিকা তৈরি করবেন। সংক্ষিপ্ত তালিকাভুক্ত হওয়ার পর প্রতিযোগী ব্যক্তি/দলকে তাদের কাজ ভার্সুয়ালি উপস্থাপন করতে হবে। যা থেকে চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে।

৬। জমাকৃত বর্ণমালা 'হাতের লেখা', 'ডিজাইন ফন্ট' শিল্পী, ডিজাইনার, ব্যক্তির চলমান বা পূর্ণাঙ্গ কাজ হতে পারে। একক ব্যক্তি বা দল হিসেবেও অংশ নেওয়া যাবে। সেক্ষেত্রে একটি দলের একজন মুখ্য প্রতিনিধি থাকবে। মেন্টরসহ এক দলে সর্বোচ্চ পাঁচজন থাকতে পারবে। দলের ক্ষেত্রে পুরস্কারের অর্থ ও ফ্রেস্ট একটি হবে, তবে সার্টিফিকেট স্বতন্ত্র হবে।

৭। পুরস্কারের জন্য হাতের লেখা/ফন্ট জমাদানের শেষ তারিখ ২৫ জুন ২০২১। রেজিস্ট্রেশন ও পুরস্কারের জন্য জমাদানের লিংকসহ বিস্তারিত www.bcc.gov.bd এবং www.bangla.gov.bd/bangla_design_font/ ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশিত হবে। যেকোনো যোগাযোগের জন্য ইমেইল bangladesignfont@gmail.com, pdeblicl@bcc.gov.bd অথবা ফোন 02-55006869।

৮। নির্বাচিত ও পুরস্কৃত 'হাতের লেখা', বর্ণমালা থেকে ফন্ট তৈরি করবে বিসিসি, এবং ইতোমধ্যে তৈরিকৃত অপ্রকাশিত ফন্টকে পরিবর্তিত রূপ দেওয়া হবে। সেক্ষেত্রে বর্ণমালা, ডিজাইন, ফন্ট প্রভৃতি রিসোর্সের আইপিআর ও ওনারশিপ বিসিসির অনুকূলে প্রদান করা হবে যা সাধারণ জনগণের ব্যবহারের জন্য ওয়েবে উন্মুক্ত করা হবে।

৯। পুরস্কার ও প্রতিযোগিতার সকল ক্ষেত্রে বিচারক প্যানেলের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।



পাঠাও ও ইমাইলের মাধ্যমে তথ্য জানতে
বাংলা ভাষা সমৃদ্ধকরণ
ইমইল: pdeblicl@bccgov.bd
ফোন: 02-55006869

বাংলা
বাংলাভাষা
bangla.gov.bd